ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

15 SEPTEMBER 2025 7:35 AM IST

==========================================================================

দেশে অনুপ্রবেশকারীদের রক্ষণা-বেক্ষণ করা অপশক্তিরা যতই চেষ্টা করুক না কেন প্রাণ দিয়ে তাদের প্রতিহত করা হবে এবং দেশের এক ইঞ্চি জমিও অনুপ্রবেশকারীদের থেকে উদ্ধার করা হবে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল মঙ্গলদৈ-এ আয়োজিত এক জনসভায় জানান যে ভারতের মাটিতে অনুপ্রবেশকারীদের আগ্রাসন কোন ভাবেই সহ্য করা হবে না । প্রধানমন্ত্রী শ্রী মোদী আরো বলেন -------- বাইট

---

দুদিনের সফরসূচি নিয়ে আসামে আসা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল মঙ্গলদৈ-এ প্রায় ৫শ ৭৬ কোটি টাকা ব্যায় সাপেক্ষে নির্মীয়মান দরং চিকিৎসা মহাবিদ্যালয় , একটি জি এন এম স্কুল এবং একটি নার্সিং কলেজের শিলান্যাস করেন । প্রধানমন্ত্রী ভার্চ্যুয়াল ব্যবস্থার মাধ্যমে ব্রম্মপুত্র নদের ওপর নির্মীয়মান নারেঙ্গী-কুরুয়া সংযোগী সেতু এবং গৌহাটি রিং-রোড প্রকল্পেরও শিলান্যাস করেন । এই উপলক্ষে মঙ্গলদৈ-এ আয়োজিত জনসভায় শ্রী মোদী বলেন যে মা কামাখ্যার আশীর্বাদে অপারেশন সিন্দুর সফল হয়েছে ।

---

প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে আসামের পূর্বপুরুষদের স্বপ্ন আজ বি জে পি পূরণ করছে । তার জন্য জনগণই ঈশ্বর বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে ১৪০ কোটি জনগণই তার মূল শক্তি । বিকাশের জন্য সুচল যোগাযোগ ব্যবস্থা অপরিহার্য বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে কেন্দ্রীয় সরকার উত্তর-পূর্বাঞ্চলের প্রত্যেকটি রাজ্যের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে বিশেষ গুরুত্ব আরোপ করছে । শ্রী মোদী বলেন যে ভারত সম্প্রতি বিকাশের ক্ষেত্রে দ্রুত অগ্রগতি লাভ করেছে এবং আসাম হচ্ছে দেশের অন্যতম বিকশিত রাজ্য । জনসাধারণের জন্য অধিক কাজে তিনি আগ্রহী বলে উল্লেখ করে শ্রী মোদী এই কাজ এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আসামবাসীর আশির্বাদ কামনা করেন । প্রধানমন্ত্রী বলেন যে তিনি শুধুমাত্র বর্তমানের জন্য নয় আগামী ৪০ থেকে

৫০ বছরের জন্য দেশের পরিকাঠামোকে শক্তিশালী করে গড়ার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হচ্ছে । ২০৪৭ সালের মধ্যে উন্নত ভারত নির্মানের জন্য দেশের প্রত্যেক নাগরিক এগিয়ে এসেছেন বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী এতে সন্তোষ প্রকাশ করেন ।

---

অনুষ্ঠানে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেন যে প্রধানমন্ত্রীর দরং জেলায় ভিত্তি প্রস্তর স্থাপন করা ৬ হাজার ৩শো কোটি টাকার ৩টি পরিকাঠামো প্রকল্প এ অঞ্চলের উন্নয়নের ক্ষেত্রে নতুন দিগন্তের সূচনা করবে । ৩ বছরের মধ্যে দরং মেডিকেল কলেজের কাজ সম্পূর্ণ করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান । বহু প্রত্যাশিত গৌহাটি রিং-রোড প্রকল্পটি গৌহাটি মহানগরীকে দরং এবং মরিগাও জেলাকে সংযুক্ত করে সমগ্র অঞ্চলকে উন্নয়নের নতুন উচ্চতায় নিয়ে যাবে বলেও মূখ্যমন্ত্রী মত প্রকাশ করেন । আজকের এই ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল

, সাংসদ দিলীপ শইকীয়া , মন্ত্রী কেশব মহন্ত , জয়ন্তমল্ল বরুয়া প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

এর পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গোলাঘাট জেলার নুমুলীগড়ে ১২ হাজার কোটির অধিক টাকা ব্যায়সাপেক্ষে দুটি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তি প্রস্তর স্থাপন করেন । তিনি নুমুলীগড় শোধনাগারে ৫ হাজার কোটি টাকা ব্যায় সাপেক্ষে স্থাপন করা বিশ্বের প্রথম বাঁশ ভিত্তিক জৈব ইথানল প্রকল্পের উদ্বোধন করেন । প্রধানমন্ত্রী ৭ হাজার ২শো ৩১ কোটি টাকা ব্যায়ে নির্মীয়মান শোধনাগারের নতুন পলিপ্রপিলিন ইউনিটেরও শিলান্যাশ করেন ।

প্রধানমন্ত্রী জৈব ইথানল প্রকল্পের সঙ্গে যুক্ত আধিকারিক ও কর্মচারী তথা বাঁশ চাষীদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে মত বিনিময় করেন । উদ্বোধনী অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেন যে সরকার বাঁশকে ইথানলে রূপান্তর করে রাজ্যের ৫০ হাজার বাঁশ চাষীদের জীবনের পরিবর্তন সাধন করতে সক্ষম হয়েছে । উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী হরদীপ সিং পুরী , সাংসদ কামাখ্যা প্রসাদ তাসা , মন্ত্রী অতুল বরা প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

এর পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গোলাঘাট জেলার নুমুলীগড়ে ১২ হাজার কোটির অধিক টাকা ব্যায়সাপেক্ষে দুটি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তি প্রস্তর স্থাপন করেন । তিনি নুমুলীগড় শোধনাগারে ৫ হাজার কোটি টাকা ব্যায় সাপেক্ষে স্থাপন করা বিশ্বের প্রথম বাঁশ ভিত্তিক জৈব ইথানল প্রকল্পের উদ্বোধন করেন । প্রধানমন্ত্রী ৭ হাজার ২শো ৩১ কোটি টাকা ব্যায়ে নির্মীয়মান শোধনাগারের নতুন পলিপ্রপিলিন ইউনিটেরও শিলান্যাশ করেন ।

প্রধানমন্ত্রী জৈব ইথানল প্রকল্পের সঙ্গে যুক্ত আধিকারিক ও কর্মচারী তথা বাঁশ চাষীদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে মত বিনিময় করেন । উদ্বোধনী অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেন যে সরকার বাঁশকে ইথানলে রূপান্তর করে রাজ্যের ৫০ হাজার বাঁশ চাষীদের জীবনের পরিবর্তন সাধন করতে সক্ষম হয়েছে । উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী হরদীপ সিং পুরী , সাংসদ কামাখ্যা প্রসাদ তাসা , মন্ত্রী অতুল বরা প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

শ্রীভূমি পুলিশ  গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল অভিযান চালিয়ে নিলাম বাজারের কেউটকোনা থেকে ড্রাগস পাচারকারী এক যুবককে আটক করেছে । সাদা পোষাকে পুলিশ যুবকের বাইকের পিছনে ধাওয়া করে বাইকের গোপন চেম্বার থেকে ৪৫ গ্রাম হেরোইন বাজেয়াপ্ত করে । পুলিশ ধৃত যুবকের বিরুদ্ধে মামলা দায়ের করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

---